



Private Infrastructure
Development Group



HSES

প্রাণরক্ষাবিধি

জীবন বদলানো

জীবন বাঁচানো



দায়িত্বশীল বিনিয়োগের জন্য সুস্বাস্থ্য, সুরক্ষা, পরিবেশগত এবং সামাজিক (HSES) পরিচালনা প্রয়োজন। আমরা PIDG-তে একথা মানি যে আমাদের মূল্যবোধ পূরণ করতে এবং আমরা যে দায়বদ্ধ বিনিয়োগে বিশ্বাসী তা বাস্তবায়িত করতে হলে আমাদের নিশ্চিত করতে হবে যে শক্তিশালী HSES পরিচালনা যেন আমাদের সমস্ত কোম্পানির থাকে আর আমাদের সমস্ত কাজকর্ম যেন এ কথা মাথায় রেখেই করা হয়।

HSES এর কার্যকর পরিচালনা আমাদের লোক, কর্মী, আমাদের ঠিকাদার আর প্রতিবেশীদের ঝুঁকি কমায়; পরিবেশের ঝুঁকি কমায় এবং জলবায়ু স্থিতিস্থাপকতা তৈরি করে। ভাল HSES এর ব্যবস্থা বাস্তবায়নের সাথে ক্রমেই বাজারে প্রবেশাধিকার, বিনিয়োগের সুযোগ বৃদ্ধি, কর্মচারীদের টার্নওভার হ্রাস, দক্ষ ব্যয়, বর্ধিত খ্যাতির মত সুবিধার সম্পর্ক পরিলক্ষিত হচ্ছে আর তা ব্যবসা চালানোর সামাজিক প্রেক্ষিত রচনা করে।

এই পুস্তিকা আমাদের **12টি প্রাণরক্ষাবিধি (LSR)** দর্শায়।



12টি প্রাণরক্ষাবিধি PIDG পোর্টফোলিওর সমস্ত ঝুঁকি এবং বিপত্তির সমাধান করার উদ্দেশ্যে নয়; সেগুলি এমন সবকিছুর প্রতি দৃষ্টি আকর্ষণের জন্য যা খুব সম্ভবত প্রাণঘাতী, আর যা সাধারণত কারও নিয়ন্ত্রণে থাকা প্রাণরক্ষাকারী পদক্ষেপ হতে পারে।

PIDG HSES স্ট্যান্ডার্ডগুলি এক্ষেত্রে প্রযোজ্য:

- সমস্ত PIDG লোকেরা
- সমস্ত PIDG কোম্পানি
- সমস্ত PIDG প্রকল্প*



আমরা PIDG-তে জীবন বদলাই, তবে আমাদের অবশ্যই 'প্রাণ বাঁচাতে' হবে আর আমাদের সমস্ত পোর্টফোলিও জুড়ে আমাদের সমস্ত লোক যাতে **“নিরাপদে বাড়ি যান - প্রত্যেকবার”** তা নিশ্চিত করতে হবে।

*যেখানে PIDG এবং এর কোম্পানিগুলি, বিনিয়োগকারী/দেনাদার, পরামর্শদাতা বা ঠিকাদার

সাধারণ বাস্তবায়ন

মূলত যা প্রয়োজন

প্রাণরক্ষাবিধির কার্যকর প্রয়োগ নিশ্চিত করার জন্য এইসব মূল জিনিসগুলির কথা খেয়াল থাকতে হবে:

- সমস্ত HSES সাইট অন্তর্ভুক্তিকরণের সময় প্রাণরক্ষাবিধি বা সমতুল্য অন্তর্ভুক্ত থাকবে;
- সমস্ত কর্মী তাদের পরিচালিত কাজের জন্য প্রশিক্ষণপ্রাপ্ত এবং সক্ষম হবে;
- কাজের আগে ঝুঁকির পূর্বমূল্যায়ন ছাড়া এবং ঝুঁকির মাত্রার উপযুক্ত টুলবক্স নিয়ে কথাবার্তার মত সুরক্ষাভিত্তিক আলোচনা না করে কোনো কাজ করা হবে না;
- ঝুঁকি মূল্যায়ন এবং কর্মকেন্দ্রের নিয়ম অনুযায়ী প্রয়োজনমত উপযুক্ত ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (PPE) দেওয়া এবং পরা হবে;
- সম্ভাব্য আপদকালীন পরিস্থিতির পর্যালোচনা করে বানানো আপদকালীন প্রতিক্রিয়ার পরিকল্পনা, কাজ শুরুর আগে উপযুক্ত এবং পর্যাপ্ত সংস্থান রেখেই বহাল করা হবে;
- কাজটি নিরাপদ না হলে কাউকে কাজ শুরুর অনুমোদন দেওয়া হবে না;
- কারও কোনো কাজের সুরক্ষার বিষয়ে সন্দেহ থাকলে প্রত্যেককে কাজ বন্ধ করার অনুমোদন দেওয়া আছে; আর
- প্রাণরক্ষাবিধি মেনে চলার পথ সুগম করতে পিয়ার টু পিয়ার হস্তক্ষেপে উৎসাহ দেওয়া উচিত।

ব্যক্তিগত সুরক্ষা

বাস্তবায়নকারী প্রজেক্ট কোম্পানিকে ব্যক্তিগত সুরক্ষা সংক্রান্ত প্রাণরক্ষাবিধির কার্যকর প্রয়োগের জন্য প্রয়োজনীয় কর্মী, প্রশিক্ষণ, সরঞ্জাম ও সংস্থান সরবরাহ সুনিশ্চিত করতে হবে।

গাড়ি চালানো

স্থল পরিবহনের ক্ষেত্রে PIDG এর মান নির্ধারিত রয়েছে যা যাতায়াত এবং ব্যক্তিগত সুরক্ষার্থে যা কিছু প্রয়োজন তার উল্লেখ করে।

এই মানগুলি গাড়ি চালানো সংক্রান্ত প্রাণরক্ষাবিধি বাস্তবায়নকারী কোম্পানিগুলির কাজে লাগা উচিত।





সাইটের সুরক্ষা

সাইটের সুরক্ষা সংক্রান্ত প্রাণরক্ষাবিধি অনুযায়ী বাস্তবায়নকারী প্রজেক্ট কোম্পানিকে তাদের নির্বাচিত প্রতিটি নিয়মের প্রয়োজনীয়তা স্পষ্টভাবে জানাতে হবে, উদাহরণের মধ্যে রয়েছে

- বিপজ্জনক এরিয়া বা অঞ্চল নির্ধারণ; আর
- ওভারহেড পাওয়ার লাইন থেকে কাজের নিরাপদ দূরত্ব।

কাজের নিয়ন্ত্রণ

PIDG প্রকল্প এবং/অথবা ঠিকাদারদের নিরাপদে কাজ নিয়ন্ত্রণের জন্য পদ্ধতি এবং কাজের নির্দেশাবলী থাকবে। এই জাতীয় নিয়ন্ত্রণগুলি অন্তর্ভুক্ত আছে, তবে সীমাবদ্ধ নয়:

- *পারমিট-টু-ওয়ার্ক সিস্টেম।

*পারমিট-টু-ওয়ার্ক সিস্টেম হল আনুষ্ঠানিক লিখিত ব্যবস্থা যা এমন ধরনের কাজ নিয়ন্ত্রণে ব্যবহৃত হয় যা সম্ভবত বিপজ্জনক। পারমিট-টু-ওয়ার্ক এমন এক নথি যা কি কাজ করা হবে, কারা করবে এবং কোন কোন আগাম সতর্কতা অবলম্বন করতে হবে তা নির্দিষ্ট করে।

কাজ শুরু এবং শেষ করার অধিকার

প্রতিটি প্রমিকের কর্মক্ষেত্রে কাজ ব্যর্থ হওয়ার দায় না নিয়ে যথাযথ সুরক্ষার ব্যবস্থার আশ্বাস না পাওয়া পর্যন্ত কাজ শুরু না করার অধিকার রয়েছে।

সমস্ত কর্মী সদস্যের বোঝা উচিত যে তারা কোথাও প্রাণরক্ষাবিধি সম্ভবত নেই বা সত্যিই নেই এমন দেখলে বা অন্য কোনও অনিরাপদ কার্যকলাপ দেখলে সেই কাজে বাধা দেওয়ার এবং কাজ বন্ধ করার অধিকার আছে এবং তা তাদের দায়িত্বও।

PIDG, PIDG কোম্পানিসমূহ, প্রকল্প এবং সংশ্লিষ্ট ঠিকাদাররা এমন কর্মসংস্কৃতিতে উৎসাহ দেবেন যা কাউকে হস্তক্ষেপ করতে দেয় এবং যথাযথ সুরক্ষাব্যবস্থা থাকলে তবেই কাজ করতে দেয়। নিয়ম ভাঙতে দেখা গেলে কর্মীদের জানা উচিত যে তাদেরকে সুপারভাইজার বা কাজের দায়িত্বে থাকা ব্যক্তিকে (বা উচ্চস্তরের ম্যানেজমেন্টকে) অবিলম্বে জানাতে হবে।

01. গাড়ি চালানো

গাড়ি চালানোর সময় কোনও হ্যান্ড ডিভাইস ব্যবহার করবেন না। সর্বদা গতিসীমা মেনে চলুন এবং সিট বেল্ট পরুন।



আপনি পেশাদার চালক হলে
আপনার এগুলি করা উচিত:

- যতক্ষণ না প্রত্যেকে সিট বেল্ট পরে ততক্ষণ গাড়ি চালাবেন না;
- মোবাইল ফোন বা ডিভাইস ব্যবহার করবেন না, পাঠ্য বার্তা পাঠাবেন বা পড়বেন না, অথবা হ্যান্ডস-ফ্রী মোবাইল ফোন ডিভাইস বা হ্যান্ড-হেল্ড রেডিও ব্যবহার করবেন;
- রাস্তার চিহ্ন বা যাত্রার নির্দেশাবলী অনুযায়ী আপনি যে রাস্তায় চালাচ্ছেন তার জন্য সর্বাধিক অনুমোদিত গতিতে বা তার নিচে রাখুন;
- আপনি যে গাড়ি চালাচ্ছেন তার জন্য সর্বাধিক অনুমোদিত গতিতে বা তার নিচে রাখুন; আর
- পরিস্থিতিমত আপনার গতি সামঞ্জস্য করুন;
- গাড়ি চালানোর সময় আপনি সুস্থ, বিশ্রাম নিয়েছেন এবং পুরোপুরি সতর্ক কিনা তা নিশ্চিত করুন।

আপনি যদি সুপারভাইজার বা চালকের দায়িত্বে থাকা ব্যক্তি হন তবে আপনার এগুলি করা উচিত:

- নিশ্চিত করুন যে সমস্ত পেশাদার ড্রাইভারের উপর যেন মেডিকেল নজরদারি থাকে; আর
- ড্রাইভিং লাইসেন্স এবং পারমিটের একটি ডেটাবেজ রাখুন।

আপনি যাত্রী হলে আপনার এগুলি করা উচিত:

- গাড়ি চলার সময় কোনও চালক ফোন বা অন্যান্য ডিভাইস ব্যবহার করলে হস্তক্ষেপ করুন;
- কোনও চালক সর্বাধিক অনুমোদিত গতি ছাড়ালে বা এলিমেন্টে গাড়ি চালালে হস্তক্ষেপ করুন;
- সর্বদা সিটবেল্ট ব্যবহার করুন;
- আপনার সিট বেল্ট ঠিকমত কাজ করে কিনা দেখে নিন; আর
- আপনার সহযাত্রী না পরলে হস্তক্ষেপ করুন।

02. ড্রাগ এবং অ্যালকোহল

মাদক বা অ্যালকোহলের
প্রভাবে থাকার সময়
কখনই কাজ করবেন না
বা গাড়ি চালাবেন না।



অ্যালকোহল বা অবৈধ মাদক ব্যবহার অথবা আইনি মাদক বা অন্যান্য
পদার্থের অপব্যবহার করলে আপনার নিরাপদে কাজ করার ক্ষমতা কমে।
আপনার এগুলি করা উচিত:

- আপনি যদি এমন ওষুধ খাচ্ছেন যা আপনার কাজের দক্ষতায় প্রভাব ফেলতে পারে তবে সর্বদা আপনার সুপারভাইজার বা দায়িত্বে থাকা ব্যক্তিকে জানান;
- সন্দেহ হলে সর্বদা আপনার সুপারভাইজার বা দায়িত্বে থাকা ব্যক্তির সাথে কথা বলুন যিনি চিকিৎসা পরামর্শ নিতে পারেন;
- কর্মক্ষেত্রে অবৈধ মাদক বা অ্যালকোহল ব্যবহার, রাখা, বিক্রি বা বিতরণ করবেন না; আর
- আপনি অ্যালকোহল বা মাদক অপব্যবহারের ঘটনা দেখলে হস্তক্ষেপ করুন।

03. যাত্রা পরিচালনা

দীর্ঘক্ষণ যাত্রার জন্য,
উচ্চসুরক্ষার পরিস্থিতিতে
এবং/অথবা নন-স্ট্যান্ডার্ড
নগর ভ্রমণের ক্ষেত্রে যাত্রা
পরিকল্পনা করে নিন।



যাত্রা পরিকল্পনা হল চালক এবং যাত্রী হিসাবে আপনার জন্য নিজস্ব পরিকল্পনা যা আপনাকে যাতায়াত করতে এবং নিরাপদে পৌঁছাতে সাহায্য করে।

**আপনি চালক হলে আপনার এগুলি
করা উচিত:**

- যাত্রা শুরুর আগে যাত্রা পরিকল্পনা করার প্রয়োজন আছে কিনা তা নিশ্চিত করুন (সাধারণত দীর্ঘক্ষণ যাত্রা করলে, উচ্চসুরক্ষার পরিস্থিতিতে বা নন-স্ট্যান্ডার্ড নগর ভ্রমণের ক্ষেত্রে প্রয়োজন হয়);
- অনুমোদিত ব্যক্তির সাথে যাত্রা পরিকল্পনা নিয়ে আলোচনা করুন - সাধারণত যাত্রা সমন্বয়কারীর সাথে;
- গাড়িটি ভাল করে দেখে নিন এবং নিশ্চিত করুন যে আপনার যাত্রার জন্য উপযুক্ত সরঞ্জাম আছে (জল, খাবার, প্রাথমিক চিকিৎসার কিট, অতিরিক্ত টায়ার ইত্যাদি);
- যাত্রা শুরুর আগে যাত্রা পরিকল্পনা বুঝুন;

- যাত্রা পরিকল্পনায় গাড়ি চালানো এবং বিশ্রামের সময় মেনে চলুন;
- যাত্রা পরিকল্পনায় বর্ণিত পথ ধরে যান; আর
- কোনো পরিবর্তন হলে অবিলম্বে অনুমোদিত ব্যক্তিকে বলুন।

**আপনি সুপারভাইজার বা দায়িত্বে
থাকা ব্যক্তি হলে আপনার এগুলি
করা উচিত:**

- থেয়াল রাখুন যেন যাত্রা পরিকল্পনা করা এবং মানা হয়;
- দেখুন চালক যেন যাত্রা পরিকল্পনা বোঝে এবং মেনে চলে; আর
- সমস্ত সক্রিয় যাত্রা পরিকল্পনা পর্যবেক্ষণ করুন।

04. কর্মী নিরাপত্তা এবং সুবক্ষা

কর্মী নিরাপত্তা এবং সুবক্ষা
- সহিংস ঘটনা এবং বিচ্ছিন্ন
কাজ। প্রত্যন্ত সাইটে কখনও
একা যাবেন না। আপনি
যেখানেই যান তা লগ করুন।



প্রত্যন্ত সাইটে গেলে সেখানকার ঝুঁকি সম্পর্কে জানুন।
অচেনা হওয়ার কারণে যাত্রাকারীর ঝুঁকি বেশি থাকে।

আপনি যাত্রাকারী বা কর্মী হলে
আপনার এগুলি করা উচিত:

- কখনও কোনও প্রকল্পের সাইটে
একা যাবেন না;
- সশস্ত্র রক্ষী থাকা কোনও গাড়িতে
কখনও যাবেন না, সর্বদা আলাদা
কনভয় গাড়িতে যাবেন;
- আপনি কোনও প্রত্যন্ত সাইটে
যাত্রার পরিকল্পনা করলে আপনার
সুপারভাইজার বা দায়িত্বে থাকা
ব্যক্তিকে সর্বদা জানান;
- যাত্রা বা ভ্রমণ পরিকল্পনা মেনে
চলুন এবং আসা মাত্র চেক-ইন
করুন;
- কোনও সন্দেহজনক কার্যকলাপ বা
উদ্বেগ থাকলে সর্বদা জানান; আর
- আপনার অ্যাকমোডেশন সুরক্ষিত
রাখুন এবং আপনার আপদকালীন
ফোন নম্বরগুলি জেনে রাখুন।

আপনি যাত্রার বা একাকী
কার্যকলাপের সুপারভাইজার বা
দায়িত্বে থাকা ব্যক্তি হলে আপনার
এগুলি করা উচিত:

- নিশ্চিত করুন যে যাত্রার ঝুঁকির
মূল্যায়ন করা হয়েছে কিনা, যখন
প্রয়োজন হবে;
- যাত্রাকারীর সাথে ভ্রমণের সাথে
যুক্ত ঝুঁকি পর্যালোচনা করুন যাতে
যাত্রাকারী ঝুঁকির বিষয়ে বোঝেন
কিনা নিশ্চিত করা যায়; আর
- যেখানে কর্মীদের একা বা বিচ্ছিন্ন
পরিস্থিতিতে কাজ করতে হতে
পারে সেখানে স্ট্যান্ডার্ড অপারেটিং
প্রসিদ্ধার (SOP) বানানো এবং
প্রয়োগ করা উচিত।

12টি প্রাণরক্ষাবিধির সবকটি (LSR)



01. গাড়ি চালানো



02. ড্রাগ এবং
অ্যালকোহল



05. কাজের
অনুমতি



06. সিস্টেম
ওভাররাইড



09. উত্তোলন



10. খনন



০৩. সফর
পরিচালনা



০৪. কর্মী
নিরাপত্তা এবং সুবক্ষা



০৭. উচ্চতায়
কাজ করা



০৮. বন্ধ
জায়গা



১১. জিনিস স্থানান্তর



১২. বিচ্ছিন্নতা

05. কাজের অনুমতি

কোনও কাজ শুরুর আগে
সর্বদা নিশ্চিত হয়ে নিন যে
প্রয়োজনীয় পরিকল্পনা এবং
অনুমতি রয়েছে কিনা।



কাজের অনুমতিতে আপনাকে নিরাপদে থাকতে কী করতে হবে তা লেখা থাকে।

আপনি নিজেই যদি কাজ করছেন,
তবে আপনার এগুলি করা উচিত:

- কাজের অনুমতি বুঝে তা মেনে চলুন;
- কাজের অনুমতি বৈধ কিনা তা নিশ্চিত করুন; আর
- আপনার সুপারভাইজার বা কাজের দায়িত্বে থাকা ব্যক্তির কাছ থেকে নিশ্চিত করুন যে কাজটি শুরু করা নিরাপদ।

আপনি সুপারভাইজার বা কাজের দায়িত্বে থাকা ব্যক্তি হলে আপনার এগুলি করা উচিত:

- এই কাজের জন্য কোনও কাজের অনুমতি প্রয়োজন কিনা তা নিশ্চিত করুন;
- নিশ্চিত করুন যেন কাজ শুরুর আগে কর্মক্ষেত্র পরিদর্শন করা হয়ে থাকে;
- কাজের অনুমতি কীভাবে আপনাদের সুরক্ষিত রাখে তা বোঝান;
- কাজের অনুমতি স্বাক্ষরিত হয়েছে কিনা নিশ্চিত করুন;
- নিশ্চিত করুন যে কাজ শুরু করা নিরাপদ;
- কাজের বা পরিস্থিতির পরিবর্তন হলে নতুন কাজের অনুমতি নিন; আর
- কাজটি সম্পূর্ণ হয়েছে কিনা নিশ্চিত করুন।

06. সিস্টেম ওভাররাইড

**সেস্টি সিস্টেম ওভাররাইড
- সুবক্ষা ব্যবস্থার বা
অ্যালার্মের সুইচ কখনও
বন্ধ করবেন না।**



**সুবক্ষা ব্যবস্থার সরঞ্জামের
উদাহরণের মধ্যে রয়েছে:**

- আইসোলেশন ডিভাইস, আপদকালীন শাট-ডাউন ভাল্ভ, লক-আউট-ট্যাগ আউট ডিভাইস, ট্রিপ সিস্টেম, রিলিফ ভাল্ভ ইত্যাদি;
- ফায়ার অ্যান্ড গ্যাস অ্যালার্ম সিস্টেম, কিছু লেভেল কন্ট্রোল, অ্যালার্ম, ফ্রেন কম্পিউটার, ইন-ভেহিকেল মনিটরিং সিস্টেম;
- রেসিডেন্সিয়াল স্মোক অ্যালার্ম; আর
- রেসিডুয়াল কারেন্ট ডিভাইস (RCD)।

**আপনি নিজেই যদি কাজ করছেন,
তবে আপনার এগুলি করা উচিত:**

- সেস্টি-ক্রিটিক্যাল সরঞ্জাম ওভাররাইড বা অক্ষম করার আগে আপনার সুপারভাইজার বা দায়িত্বে থাকা ব্যক্তির কাছ থেকে অনুমোদন নিন।

**আপনি সুপারভাইজার বা কাজের
দায়িত্বে থাকা ব্যক্তি হলে আপনার
এগুলি করা উচিত:**

- আপনার কর্মক্ষেত্রে সেস্টি-ক্রিটিক্যাল সরঞ্জাম সম্পর্কে সবাইকে জানান; আর
- নিশ্চিত করুন যেন অনুমোদন সঠিক পর্যায়ে থেকে আসে।

07. উচ্চতায় কাজ করা

উচ্চতায় কাজ করার সময়
পড়ার হাত থেকে বাঁচুন।



সুরক্ষামূলক পরিবেশে অনুমোদিত হারনেস, স্ক্যাফোল্ড, হ্যান্ডবেল সহ সিঁড়ি
এবং মানুষের জন্য নিশ্চয় অন্তর্ভুক্ত।

যখনই কোনও কর্মীর দুই মিটারের বেশি উচ্চতা থেকে পড়ার ঝুঁকি থাকে,
তখনই পড়া রোধ এবং সুরক্ষা ব্যবস্থা বাস্তবায়িত করা উচিত।

আপনি নিজেই যদি কাজ করছেন,
তবে আপনার এগুলি করা উচিত:

- উচ্চতায় কাজ করার অনুমতি
লিন;
- পড়ে যাওয়া আটকাতে কোন
সুরক্ষা সরঞ্জাম ব্যবহার করবেন
এবং কীভাবে তা ব্যবহার করবেন
সে সম্পর্কে সচেতন থাকুন;
- সরঞ্জাম ও স্ক্যাফোল্ড ব্যবহারের
আগে সেগুলি পরীক্ষা করে লিন;
- সুরক্ষামূলক পরিবেশের বাইরে
উচ্চতায় থাকাকালে সর্বদা রশির
বাঁধনে থাকুন; আর
- কোনো কিছু পড়া আটকাতে
সরঞ্জাম এবং কাজের উপকরণ
নিরাপদে রাখুন।

আপনি সুপারভাইজার বা কাজের
দায়িত্বে থাকা ব্যক্তি হলে আপনার
এগুলি করা উচিত:

- নিশ্চিত করুন উচ্চতায় কাজ শুরু
করা এবং চালিয়ে যাওয়া নিরাপদ
কিনা;
- স্ক্যাফোল্ড ঠিকভাবে নির্মিত এবং
পরীক্ষা করা হয়েছে কিনা নিশ্চিত
করুন; আর
- নিশ্চিত করুন মেঝে খোলার
জায়গা কোনো কিছু দিয়ে সুরক্ষিত
করে আটকানো আছে কিনা।

08. বদ্ধ জায়গা

বদ্ধ জায়গায় প্রবেশের আগে
অনুমোদন নিয়ে নিন।



বদ্ধ জায়গা, যেমন ভেসেল, ট্যাঙ্ক বা পাইপে বিস্ফোরক গ্যাস, বিষাক্ত হাওয়া বা অক্সিজেনের অভাবের মত অন্যান্য বিপদ থাকতে পারে।

আপনি নিজেই যদি কাজ করছেন,
তবে আপনার এগুলি করা উচিত:

- প্রয়োজনে শ্বাস নেওয়ার সরঞ্জাম পরীক্ষা এবং ব্যবহার করুন;
- নিশ্চিত করুন যেন কোনো একজন সেখানে থাকেন;
- নিশ্চিত করুন যেন উদ্ধারের পরিকল্পনা ঠিক থাকে;
- প্রবেশের অনুমতি নিন;
- কাজের অনুমতির শর্ত মেনে চলুন; আর
- যোগাযোগের মাধ্যম রাখুন।

আপনি সুপারভাইজার বা কাজের
দায়িত্বে থাকা ব্যক্তি হলে আপনার
এগুলি করা উচিত:

- নিশ্চিত করুন যেন কাজের অনুমতির জন্য যা প্রয়োজন তা ঠিকমত আছে;
- বদ্ধ জায়গার মধ্যে বায়ুমণ্ডলে অক্সিজেনের উপাদান নিশ্চিত করার জন্য অবশ্যই পরীক্ষা করান এবং দেখুন যেন কোনও দাহ্য গ্যাস বা বাষ্প সীমা অতিক্রম না করে;
- নিশ্চিত করুন যেন লোকেরা বদ্ধ জায়গায় থাকাকালে একজন উপযুক্ত লোক সর্বদা উপস্থিত থাকেন;
- নিশ্চিত করুন যেন কাজের অনুমতি অনুযায়ী বায়ু পরীক্ষা করা হয়; আর
- নিশ্চিত করুন যে কাজ শুরু করা নিরাপদ;

09. উত্তোলন

উত্তোলনের কাজ পরিচালনা
এবং অঞ্চলটি নিয়ন্ত্রণ করুন।



উত্তোলন পরিকল্পনায় কীভাবে উত্তোলন করে এবং নিরাপদে রাখা হয় তা দেখায়। সচরাচর উত্তোলনের জন্য, সাধারণ উত্তোলন পরিকল্পনা থাকা দরকার। জটিল এবং ভারী উত্তোলন সহ সচরাচর নয় এমন উত্তোলনের জন্য পরিকল্পনা সুনির্দিষ্ট হওয়া উচিত।

উত্তোলন সরঞ্জাম চালকদের
এগুলি করা উচিত:

- শুধুমাত্র এমন সরঞ্জাম পরিচালনা করুন যা ব্যবহারের আপনি উপযুক্ত;
- কাজ শুরু করার আগে উত্তোলন পরিকল্পনা বুঝে নিন;
- নিশ্চিত করুন যে ভার যেন উত্তোলনের সরঞ্জামের ক্ষমতা অতিক্রম না করে;
- নিশ্চিত করুন ক্রেন যেন সমতলে এবং শক্ত পৃষ্ঠতলে থাকে; আর
- উত্তোলনের সরঞ্জামে থাকা সুরক্ষার ডিভাইসগুলি ইনস্টল এবং কার্যকর রয়েছে কিনা যাচাই করুন।

আপনি সুপারভাইজার বা কাজের দায়িত্বে
থাকা ব্যক্তি হলে আপনার এগুলি করা উচিত:

- নিশ্চিত করুন উত্তোলনের ধরণের উপর নির্ভর করে, সাধারণ বা সুনির্দিষ্ট উত্তোলন পরিকল্পনা রয়েছে কিনা;
- নিশ্চিত করুন ক্রেন চালক উত্তোলন পরিকল্পনা বুঝে এবং মানছে কিনা;
- নিশ্চিত করুন যারা উত্তোলনের কাজের তদারকি বা সঞ্চালনা করেন আর যারা উত্তোলনের সরঞ্জাম পরিদর্শন এবং রক্ষণাবেক্ষণ করেন তারা প্রশিক্ষিত এবং সক্ষম কিনা;
- ব্যবহৃত হতে চলা সরঞ্জাম সঠিক কিনা যাচাই করুন; আর
- নিশ্চিত করুন উত্তোলনের কাজের জন্য প্রয়োজনীয় সংকেত পদ্ধতি এবং যোগাযোগের বিষয়ে একমত কিনা এবং সেসব পরিষ্কার কিনা।

10. খনন

খনন কাজ শুরু করার আগে অনুমতি নিন।



খনন কাজে বৈদ্যুতিক তার, বিপজ্জনক উপাদান, অবিস্ফোরিত অর্ডিন্যান্স, দেয়াল ধসা বা খননকৃত সামগ্রীর মত বিপত্তি থাকতে পারে। নিশ্চিত করুন যে কাজ শুরু করা নিরাপদ।

আপনি নিজেই যদি কাজ
করছেন, তবে আপনার এগুলি
করা উচিত:

- আপনার সুপারভাইজার বা দায়িত্বে থাকা ব্যক্তির কাছে নিশ্চিত করুন যে কাজ শুরু করা নিরাপদ কিনা;
- কোনও খননের আগে সমস্ত মাটির নিচে থাকা বৈদ্যুতিক তার বা অন্যান্য বিপদ বিশদে শনাক্ত এবং চিহ্নিত করুন;
- প্রযোজ্য কাজের অনুমতির প্রয়োজনীয় শর্ত মানুন; আর
- অপ্রত্যাশিত কিছু ঘটলে কাজ বন্ধ করে আপনার সুপারভাইজারকে জানান।

আপনি সুপারভাইজার বা কাজের দায়িত্বে
থাকা ব্যক্তি হলে আপনার এগুলি করা
উচিত:

- সমস্ত কাজের অনুমতি নেওয়া হয়েছে (যেমন বন্ধ জায়গা, বিচ্ছিন্নতা ইত্যাদি);
- খননের জায়গাগুলিতে আসা-যাওয়া সীমিত করতে বেড়া এবং চিহ্ন রাখা হয়েছে;
- উপযুক্ত ব্যক্তি(গণ) কর্মস্থলের ঝুঁকির মূল্যায়ন করেছেন যার মধ্যে রয়েছে: চিহ্নিত ঝুঁকি যেমন তারের/পাইপলাইনের পথ চিহ্নিতকরণ; মাটির শ্রেণিবিন্যাস এবং পরীক্ষা;
- ধস আটকাতে মাটির নড়াচড়া নিয়ন্ত্রণ করা হচ্ছে (যেমন শোরিং, ঢালু করা, মাটি সরানো ইত্যাদি); আর
- কাজের আগে এবং প্রতিকূল আবহাওয়ার পরে মাটির স্থিতিশীলতা পরীক্ষা করা হচ্ছে।

11. চলমান বস্তু

নিজেকে এবং অন্যদের
চলমান বস্তু এবং মেশিনের
পথ থেকে দূরে রাখুন।



আপনি নিজেই যদি কাজ করছেন,
তবে আপনার এগুলি করা উচিত:

- এসব এড়ানোর জন্য নিজেকে তৈরি রাখুন: চলমান কিছু, যানবাহন এবং ফেলা জিনিস;
- বেড়া এবং পৃথককৃত অঞ্চল বানান এবং মেনে চলুন;
- আলগা বস্তুগুলিকে সুরক্ষিত করতে এবং পড়ে যেতে পারে এমন বস্তুর কথা জানান;
- সংশ্লিষ্ট জায়গায় চলমান যানবাহন এবং প্লান্ট থেকে কি কি বিপদ হতে পারে বুঝুন;
- পথচারীর জন্য নির্দিষ্ট পথেই থাকুন;
- চলমান যানবাহন এবং প্লান্টের পিছনে হাঁটবেন না; আর
- চলমান যানবাহন বা প্লান্টের কাছে, নিচে বা উপরে কখনও ঘুমাবেন না।

আপনি কাজের দামিঙ্গে থাকা ব্যক্তি
হলে আপনার এগুলি করা উচিত:

- অনিরাপদ অঞ্চল/বিপজ্জনক অঞ্চল চিহ্নিত করে সেখানে বেড়া দিন;
- নিশ্চিত করুন যে কেউ সাসপেন্ডেড লোডের নিচে যেন চলাফেরা না করে; আর
- খোলা যায় এমন সমস্ত গার্ডিং ডিভাইস বা প্রক্রিয়া যথাস্থানে রয়েছে কিনা দেখুন।

12. বিচ্ছিন্নতা

কাজ শুরু হওয়ার আগে
বিচ্ছিন্নতা যাচাই করুন এবং
স্পর্শের আগে সর্বদা পরীক্ষা
করুন। কখনও পাওয়ার
লাইনের নিচে কাজ করবেন
না।



বিচ্ছিন্নতা আপনাকে বিপদ, যেমন বিদ্যুৎ, প্রেশার অয়েল এবং রাসায়নিক,
গরম তরল বা বিকিরণ থেকে দূরে রাখে।

আপনি নিজেই যদি কাজ করছেন,
তবে আপনার এগুলি করা উচিত:

- আপনার কর্মক্ষেত্রে সমস্ত শক্তির
উৎস শনাক্ত করে বিপদ হিসাবে
চিহ্নিত করুন;
- নিশ্চিত করুন বিপজ্জনক শক্তির
উৎসগুলি বিচ্ছিন্ন করা হয়েছে
কিনা;
- দেখুন যেন জিরো এনার্জি এবং
পরীক্ষিত করা থাকে; আর
- এনার্জাইন্ড পাওয়ার লাইনের নিচে
কখনও কাজ করবেন না।

আপনি সুপারভাইজার বা কাজের
দায়িত্বে থাকা ব্যক্তি হলে আপনার
এগুলি করা উচিত:

- নিশ্চিত করুন বিচ্ছিন্নতার ব্যবস্থা
রয়েছে কিনা;
- নিশ্চিত করুন কোনও সঞ্চয়কৃত
এনার্জি বা অন্যান্য বিপদ যেন না
থাকে;
- নিশ্চিত করুন যে কাজ শুরু করা
নিরাপদ;
- এনার্জাইন্ড পাওয়ার লাইনের নিচে
কাজ আটকান/বন্ধ করুন; আর
- উচ্চ ভোল্টেজের পাওয়ার লাইনের
আশেপাশে বা নিচে "আসা নিষিদ্ধ"
অঞ্চল তৈরি করুন।

দ্রষ্টব্য: _____





www.pidg.org

নিরাপদে বাড়ি যান - প্রত্যেকবার